অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/26/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নারী সমতা দিবসের স্বীকৃতি স্বরূপ রাজ্যের ল্যান্ডমার্কগুলো আলোকিত করার ঘোষণা করলেন

ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, পারশিং স্কয়ার ভায়াডাক্ট, কসিয়াসকো ব্রিজ, গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ, মিড হাডসন ব্রিজ, SUNY সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রেশন বিল্ডিং, স্টেট এডুকেশন বিল্ডিং, আলফ্রেড ই. স্মিথ বিল্ডিং, নায়াগ্রা ফলস এবং স্টেট ফেয়ার মেইন গেট আলোকিত করা হবে

নারী সমতা দিবস এবং নারীদের ভোটের অধিকার অর্জনের 100 তম বার্ষিকী উদযাপনের জন্য ল্যান্ডমার্কগুলি সাফ্রেজের রঙে আলোকিত করা হবে- বেগুনি, সাদা এবং সোনালী

গভর্নর নারী সমতা দিবসের ঘোষণা করলেন, যেটি এখানে উপলব্ধ

ICYMI: সেক্রেটারি মেলিসা ডিরোসা অপ-এড: নারী সমতা একটি জনস্বাস্থ্যের বিষয় - এখানে দেখুন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করলেন যে রাজ্য জুড়ে ল্যান্ডমার্কগুলি নারী সমতা দিবসের সম্মানে আলোকিত করা হবে, যার মধ্যে রয়েছে ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের স্পায়ার, পারশিং স্কয়ার ভায়াডাক্ট, কসিয়স্কো ব্রিজ, গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ, মিড-হাডসন ব্রিজ, স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY) সেন্ট্রাল অ্যাডমিনিস্ট্রেশন বিল্ডিং, স্টেট এডুকেশন বিল্ডিং, আলফ্রেড ই. স্মিথ বিল্ডিং, নায়াগ্রা ফলস এবং স্টেট ফেয়ার মেইন গেটে LED বোর্ডগুলি শোভা পাবে। নারী সমতা দিবস সেই দিনটিকে উদযাপন করে যেদিন 19তম সংশোধনী সংবিধানে প্রত্যয়িত হয়। এই বছর নারীদের ভোটের অধিকার নিশ্চিত করার 100 তম বার্ষিকী উদযাপন করা হচ্ছে।

"নিউ ইয়র্ক এই প্রগতিশীল আন্দোলনের জন্মস্থান, যার মধ্যে রয়েছে 1848 সালে সেনেকা ফলসে শুরু হওয়া নারীদের ভোটের অধিকারের জন্য লড়াই," **গভর্নর কুওমো বলেছেন।** "নিউ ইয়র্ক এগিয়ে চলার পথ দেখানোর মাধ্যমে সেই উত্তরাধিকার অব্যাহত রেখেছে - যার মধ্যে রয়েছে বেতন সমতার ক্ষেত্রে বৃহত্তর সুরক্ষা প্রতিষ্ঠা করা, গোলাপী কর নির্মূল করা এবং গার্হস্থ্য নিপীড়নকারীদের কাছ থেকে বন্দুক অপসারণ করা। এই বার্ষিকীতে উদযাপন করা হচ্ছে যে নারীরা ভোটের অধিকার অর্জন করার পর থেকে আমরা কতদূর এসেছি, কিন্তু একইসাথে এটি আমাদের এই বিষয়ে চিন্তা

করার সুযোগ করে দেয় যে প্রকৃত অর্থে লিঙ্গ সমতা অর্জনের জন্য আমাদের আরো কতদূর যেতে হবে।"

"আমরা নারীদের ভোটের অধিকার নিশ্চিত করা 19তম সংশোধনীটি পাস করার উদযাপন করছি, নারী সমতা দিবসে আমাদের রাজ্যের ল্যান্ডমার্কগুলি সাফ্রেজের রঙে আলোকিত করে," **বলেন লেফটেন্যান্ট ভর্নর ক্যাথি হোচুল, নিউ ইয়র্ক স্টেট উওমেন্স সাফ্রেজ কমিশনের (NYS Women's Suffrage Commission) সভাপতি।** "আমরা আজ যেখানে আছি সেখানে পৌঁছাতে অগণিত সাফ্রেজিস্টদের কয়েক দশক ধরে অপরিসীম পরিত্যাগ এবং কঠোর পরিশ্রম করতে হয়েছে। এবং যেখানে শ্বেতবর্ণ নারীরা ভোটের অধিকার লাভ করেছিলেন, কৃষ্ণবর্ণ নারীরা, অন্যান্য বর্ণের ব্যক্তি এবং আদিবাসী জনগোষ্ঠীর মানুষ কয়েক দশক পরেও সমান সুবিধা পাননি। এই অবিচার এখনও আমরা আমাদের সমাজে যে সব সমস্যার সম্মুখীন হই তার প্রতিফলন ঘটায়। নারী সমতা দিবসে এবং প্রতিদিন, আমরা নিউ ইয়র্কবাসীদের উৎসাহিত করি নারী এবং সকল ব্যক্তির সমান অধিকার এবং সুরক্ষার জন্য লড়াই চালিয়ে যেতে। আমাদের সময় এখনই।"

"নারীদের ভোটের অধিকার লাভের 100 তম বার্ষিকীতে আমরা দেখছি কিভাবে COVID-19 অনেক নারীদের ভয়ংকর কষ্টকে আরো বাড়িয়ে তুলেছে, বিশেষ করে বর্ণের নারীরা, যাদের কাঁধে হয়তো ইতোমধ্যে শিশুদের যত্ন নেওয়ার বিশাল দায়িত্ব রয়েছে, কর্মক্ষেত্রে বৈষম্যের মোকাবেলা করতে হয়, গার্হস্থ্য নির্যাতনের শিকার হতে হয় অথবা অন্তঃসত্ত্বা বা নবজাতকের মা হিসেবে অনিশ্চিত স্বাস্থ্যজনিত সমস্যার সম্মুখীন হতে হয়," **গভর্নরের সচিব এবং নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন উইমেন অ্যান্ড গার্লস (New York State Council on Women and Girls)-এর চেয়ারম্যান মেলিসা ডিরোজা বলেন,** "নারীরা বেশিরভাব অপরিহার্য কর্মী, ফার্স্ট রেস্পন্ডার, পরিচর্যাকারী এবং শিক্ষকদের প্রতিনিধিত্ব করেন যারা বীরত্বের সাথে এই সংকটের সম্মুখে এগিয়ে এসেছেন। নিউ ইয়র্ক লিঙ্গ সমতার পথে নেতৃত্ব দিয়েছে, এবং আমাদের পথ নির্ধারণ করার সাথে এটি নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ যে নারীদের যেন পিছিয়ে না যান।"

প্রয়াত নিউ ইয়র্ক যুক্তরাষ্ট্রের প্রতিনিধি বেলা অ্যাবজাগ দ্বারা প্রস্তাবিত, নারী সমতা দিবস সংবিধানে 1920 সালের নারীদের স্বাধীনতা প্রদান করা 19তম সংশোধনীর প্রত্যয়নকে স্মরণ করে। নারীদের সাফ্রেজের আন্দোলনের আনুষ্ঠানিক সূচনা 1848 সালে নিউ ইয়র্কের সেনেকা ফলসের নারীদের অধিকারের কনভেনশনে শুরু হয়।

গভর্নর কুওমো তার সমগ্র শাসনকালে, নারী সমতার বিষয়ে একজন জাতীয় নেতা হয়ে রয়েছেন। গত বছর গভর্নর কুওমো লিঙ্গ ভিত্তিক মজুরী সুরক্ষা সম্প্রসারণে বেতন সমতার আইনে স্বাক্ষর করেন, এবং 2016 সালে গভর্নর দেশের সবচেয়ে শক্তিশালী এবং সর্বাধিক ব্যাপক সবেতন পারিবারিক ছুটির নীতিতে স্বাক্ষর করেন। নিউ ইয়র্ক রাজ্যে নারীদের সাফ্রেজের 100 বছর পূর্তি উপলক্ষে গভর্নর কুওমো 2017 সালে নিউ ইয়র্ক রাজ্যের কাউন্সিল অন উইমেন এন্ড গার্লস (New York State Council on Women and Girls) প্রতিষ্ঠা করেন। নিউ ইয়র্ক রাজ্যের নারী এবং মেয়েদের ক্ষেত্রে 2020 সালের সাফল্যের মধ্যে রয়েছে: কর্মরত নিউ ইয়র্কবাসীদের জন্য অসুস্থতার ছুটি; লিঙ্গ ভিত্তিক মূল্য বৈষম্য দূরীকরণ; গর্ভধারন সারোগেসির বৈধতা; পরিবার পরিকল্পনা ও

প্রজনন স্বাস্থ্য পরিষেবায় সুরক্ষা; রাজ্য এবং স্থানীয় কর্তৃপক্ষের বেতন সমতা; গার্হস্থ্য হিংসা পরিষেবা ব্যবস্থার জন্য একটি উদ্ভাবনী ভুক্তভোগী-কেন্দ্রিক মডেল তৈরি করা; বিবাহ বিচ্ছেদ প্রক্রিয়ায় সম্পদের ন্যায্য বন্টন প্রতিষ্ঠা; এবং নারী কর্পোরেট লিডারশিপ একাডেমী (Women's Corporate Leadership Academy) গঠন করা।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন